



২৬ শে মার্চ, ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

রূপালী বাংলা জুট মিলে শ্রমিকের বিক্ষোভ কর্মসূচীতে পুলিশের গুলিতে ১ জন নিহত ও শ্রমিক আহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ করছে ব্লাস্ট

দিনাজপুরের বিরলে রূপালী বাংলা জুট মিলে বকেয়া মজুরীর দাবীতে শ্রমিকের বিক্ষোভ কর্মসূচীতে পুলিশের গুলি চালানোর ঘটনায় ১ জন নিহত হয়েছেন এবং প্রায় ১০ জন শ্রমিক আহত হয়েছেন বলে বিভিন্ন সংবাদ মাধ্যম থেকে জানা যায়। এ ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে। গতকাল রাত সাড়ে ৯টায় এ ঘটনা ঘটেছে। পত্রিকায় প্রকাশিত সংবাদ হতে জানা যায় কর্তৃপক্ষ শ্রমিকদের মজুরী না দিয়েই কারখানা বন্ধ করে দিচ্ছিলেন। এ ধরনের ঘটনা আমাদের কাছে অনাকাঙ্ক্ষিত। বিশেষ করে করোনাভাইরাসের সংক্রমণ রোধে যখন সবাই উদ্বিগ্ন তখন এ ধরনের ঘটনা সবার কাছে অপ্রত্যাশিত। বর্তমান পরিস্থিতিতে ব্লাস্ট সহ বিভিন্ন সংগঠন শ্রমিকদের সবেতনে ছুটি প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়ে আসছে।

ব্লাস্ট এ ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে। পাশাপাশি নিহতের পরিবারকে যথাযথ ক্ষতিপূরণ ও আহত শ্রমিকদের চিকিৎসা সেবাসহ যথাযথ ক্ষতিপূরণ প্রদানের জন্য জোর দাবী করছে। ব্লাস্ট শ্রমিকের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানাচ্ছে।

বার্তা প্রেরক

উপপরিচালক

এডভোকেসি এন্ড কমিউনিকেশন

ই মেইল: mahbuba@blast.org.bd